রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ১৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৯, ২০১৮

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৪৩—১৪৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৫—৪০৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৭৯—২৮৬ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### প্রধানমন্ত্রীর কার্যালয়

### প্রজ্ঞাপন

তারিখ ২৫ মাঘ ১৪২৪/০৭ ফেব্রুয়ারি ২০১৮

নং ০৩.২৭.০০০০.০৭২.০৬.০০১.১৭-১৯—মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম মহোদয় এর সভাপতিত্বে Currency & Interest Risk Management বিষয়ে গত ২১ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী Interest Risk & Currency Risk এর বিষয়ে পদ্ধতি নির্ধারণের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১. সচিব, বিদ্যুৎ বিভাগ

**সদস্যবৃন্দ**

২. ইআরডি'র প্রতিনিধি

৩. অর্থ বিভাগের প্রতিনিধি

৪. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি

৫. বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি,

কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ :

(ক) বিদ্যুৎ বিভাগের অধীনে বৈদেশিক ঋণের Interest Risk & Currency Risk এর বিষয়ে (Mitigation/ Hedging) পদ্ধতি নির্ধারণ করে প্রতিবেদন দাখিল করা।

(খ) আলোচ্য বিষয়ে সুপারিশ প্রণয়ন।

কমিটি ১ মাসের মধ্যে রিপোর্ট প্রদান করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহ তাদের প্রতিনিধি মনোনয়নপূর্বক সচিব, বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে। কমিটির সদস্যগণ ন্যূনতম যুগ্ম-সচিব পদমর্যাদার হবেন।

**শামীম আহম্মেদ**
পরিচালক-৫ (প্রতিকল্প)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ ১৮ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/৩১ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১১২.২৭.০২৮.১৭-৪৪—যেহেতু, জনাব রনজিৎ চৌধুরী, প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (প্রাক্তন প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ, সংযুক্তি আদেশে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট) এর বিরুদ্ধে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ১৪-০৫-২০১৭ তারিখের ০৫.৪৬.০০০০.০০.০৫.০০১. ০৫-৩৯৮ সংখ্যক স্মারকে কর্মবন্টনপূর্বক নথিপত্র ডিলিং এর দায়িত্ব প্রদান করা হলে অর্পিত দায়িত্ব পালনে অনীহা প্রকাশ, দায়িত্ব পালন হতে বিরত থাকা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে বাক-বিতণ্ডায় লিপ্ত হওয়া এবং দায়িত্ব পালন না করে বেতন ভাতা উত্তোলনের অভিযোগ পাওয়া যায়। উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী, (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৯-১১-২০১৭ তারিখের ০৫.০০. ০০০০.১১২.২৭.০২৮. ১৭-৫২১ স্যখ্যক স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৯-১২-২০১৭ তারিখে তার লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ২২-০১-২০১৮ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে সরকার পক্ষের প্রতিনিধি জনান, অভিযুক্ত কর্মকর্তাকে দাপ্তরিক দায়িত্ব দেওয়া হলে তিনি তা পালনে অস্বীকার করেন এবং উর্ধ্বতন কতৃপক্ষের আইনসংগত আদেশ পালন না করার বিষয়টি প্রমাণিত হয়েছে। অভিযুক্ত কর্মকর্তা তার উপর অর্পিত দায়িত্ব পালনে অক্ষমতার জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং অভিযোগের দায় হতে অব্যাহতির আবেদন জানান;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, সংশ্লিষ্ট সকল পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করা হলো। সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তা জনাব রনজিৎ চৌধুরী কর্তৃক কর্তব্যে চরম অবহেলা ও দায়িত্ব পালনে বিরত থেকে কর্তৃপক্ষের আইনসম্মত নির্দেশ অমান্য করার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রামাণিত ;

সেহেতু, জনাব রনজিৎ চৌধুরী, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (প্রাক্তন প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ, সংযুক্তি আদেশে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট) কে সরকারি কর্মচারী, (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৪(২)(এ) বিধি মোতাবেক "তিরস্কার (Censure)" দণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মুয়াজ্জেম হোসাইন**

অতিরিক্ত সচিব (প্রশাসন)।

শৃঙ্খলা-৪ শাখা

প্রজ্ঞাপন

তারিখ ১৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ /২৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০১.১৬(বিমা)-৫২—যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয় ২৬-০৭-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৪১. ১৯.০০৬.১৫-১১৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ড. মহিউদ্দীন মোহাম্মদ হাফিজ (পরিচিতি নম্বর : ১৫৯৬৫-কে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশালে ন্যস্ত করা হলেও তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি। সরকারি আদেশ জারির পর বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আইন সঙ্গত আদেশ অমান্য করেন। তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় তাকে পাওয়া যায়নি এবং বতমান অবস্থান সনাক্ত করা যায়নি;

যেহেতু, তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ (Misconduct)" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, সরকারি কর্মচারী, (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক তাকে কেন সরকারি 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)' করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড আরোপ করা হবে না তার সন্তোষজনক লিখিত জবাব উক্ত বিধিমালার ৭(১)(বি) বিধি মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হয়। তিনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও তার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। লিখিত জবাবে তিনি ব্যক্তিগত শুনানি চাইলে ২৪-০৫-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি ও প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি আছে বিধায় সরকারি কর্মচারী, (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(সি) বিধি মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন। তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) বিধি অনুযায়ী তাকে সরকারি 'চাকরি থেকে অপসারণ (Removal from Service)' করার গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালার বিধি ৭ (৬) মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, তিনি ২য় কারণ দর্শনো নোটিশের জবাব প্রদান করেন। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় তাকে সরকারি 'চাকরি হতে অপসারণ (Removal from Service)' করার গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৭) ও বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস্, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে;

যেহেতু, ড. মহিউদ্দীন মোহাম্মদ হাফিজ-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) বিধি অনুযায়ী সরকারি 'চাকরি থেকে অপসারণ (Removal from Service)' করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, ড. মহিউদ্দীন মোহাম্মদ হাফিজ (পরিচিতি নম্বর : ১৫৯৬৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(সি) অনুযায়ী তাকে সরকারি 'চাকরি থেকে অপসারণ (Removal from Service)' করার গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মো. মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রকল্প ব্যবস্থাপনা শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০১১.১৫-১৮**—মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মূখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৭-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত গৃহায়ন তহবিল স্টিয়ারিং কমিটির ৪৮তম সভার কার্য বিবরণীর ২.২ নং ক্রমিকের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কমিটিতে সদস্য হিসেবে সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হ'ল। উক্ত কমিটির সদস্য, সচিব, অর্থ বিভাগ যোগদান করতে অপারগ হলে তাঁর প্রতিনিধি হিসেবে অতিরিক্ত সচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ যোগদান করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শেদা জামান**
উপ সচিব।

---

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**
**এডিবি-৫ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

**নং ০৯.০০.০০০০.১২৬.১৪.০০১.১৭-২১**—বাংলাদেশ সরকার পক্ষে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় বাস্তবায়িতব্য "BAN 44213-018: Secondary Education Sector Investment Program (Tranche-3)"-শীর্ষক কর্মসূচির Loan Negotiations-এর লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| (ক) | ড. জীবন রঞ্জন মজুমদার, প্রধান (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (খ) | জনাব চৌধুরী মুফাদ আহমদ, অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| (গ) | জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর, উপ-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ,, |
| (ঘ) | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ,, |
| (ঙ) | জনাব মোঃ রফিকুল হাসান, উপ-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ,, |
| (চ) | ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ,, |
| (ছ) | প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | ,, |
| (জ) | প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ,, |
| (ঝ) | প্রতিনিধি, বিশ্বব্যাংক অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ,, |
| (ঞ) | মিজ সাবিকুননাহার শারমীন, সহকারী প্রধান, ইআরডি, অর্থ মন্ত্রণালয় | ,, |

২। নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ০৭ ফেব্রুয়ারি ২০১৮ | সকাল ১০:০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিকুননাহার শারমীন**
সহকারী প্রধান।

## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৪ ফেব্রুয়ারি ২০১৮

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.১৭-৭৯—বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আদেশ, ১৯৭৩ এর ৭(১) এবং ৮(১) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ জালাল উদ্দিন এর পরিবর্তে অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকাকে উক্ত কর্পোরেশনের পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.১৭-৮০—বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আদেশ, ১৯৭৩ এর ৭(১) এবং ৮(১) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব সুধাংশু শেখর বিশ্বাস এর পরিবর্তে জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, ঢাকাকে উক্ত কর্পোরেশনের পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
## অধিশাখা-২ (কর)

### আদেশ

তারিখ : ১৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০১০.১৫-৯৪—যেহেতু, বেগম সেলিনা আখতার, সহকারী কর কমিশনার, সার্কেল-১৩০ (বর্তমান-সার্কেল-১২৬), কর অঞ্চল-৬, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (misconduct)" এর অভিযোগে তাঁকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৭ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০১০.১৫-৯৮ সংখ্যক আদেশে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হয় ;

২। যেহেতু, বেগম সেলিনা আখতার, সহকারী কর কমিশনার, সার্কেল-১৩০(বর্তমানে-সার্কেল-১২৬), কর অঞ্চল-৬, ঢাকা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২৩ (১) মোতাবেক উক্ত আদেশ পুনঃ বিবেচনার (Review) জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট আবেদন করেন এবং তাঁর আবেদন মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ বিবেচনার জন্য উপস্থাপন করা হয় ;

৩। যেহেতু, মহামান্য রাষ্ট্রপতির বেগম সেলিনা আখতার, সহকারী কর কমিশনার, সার্কেল-১৩০(বর্তমানে-সার্কেল-১২৬), কর অঞ্চল-৬, ঢাকা এর আবেদন বিবেচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকরি হইতে বরখাস্ত দন্ড হ্রাস করে একই বিধিমালার বিধি ৪(২)(বি) মোতাবেক ২ (দুই) বছর বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার আদেশ প্রদান করেন ;

৪। সেহেতু, বেগম সেলিনা আখতার, সহকারী কর কমিশনার, সার্কেল-১৩০ (বর্তমানে-সার্কেল-১২৬), কর অঞ্চল-৬, ঢাকাকে এ বিভাগের ২৭ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০১০.১৫-৯৮ সংখ্যক আদেশে প্রদত্ত চাকরি হতে বরখাস্ত দণ্ড মওকুফ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৪(২)(বি) মোতাবেক তাঁর ০২ (দুই) বছর বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত দণ্ড আরোপ করা হলো।

**মোঃ মোশাররফ হোসেন ভূইয়া** (এনডিসি)
সিনিয়র সচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ১৭ মাঘ ১৪২৪/৩০ জানুয়ারি ২০১৮

নং ৪৩.০০.০০০০.১১৪.০০৬.৩১.২০০৯-৪১—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল ঃ

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | লোহাগড়া মঠ<br>গ্রাম-লোহাগড়া<br>উপজেলা-ফরিদগঞ্জ<br>জেলা-চাঁদপুর | ২৬ নং লোহাগড়া মঠ। | ০১ | ১২১ | ০.১৯ | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী মোহাম্মদ মাইনুদ্দিন**
সহকারী সচিব।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## তদন্ত শৃঙ্খলা শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ মাঘ ১৪২৪/২৯ জানুয়ারি ২০১৮

**নং ৩৮. ০০. ০০০০.০০৪.০৪.০১৭.১৪-৩১**—যেহেতু, জনাব অভিজিৎ পাল, ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা), মৌলভীবাজার পিটিআই, মৌলভীবাজার গত ১৯-০৫-২০১৪ তারিখ থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় গত ১৩-১০-২০১৪ তারিখে তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারার অপরাধে অভিযুক্ত করে বিভাগীয় মামলা দায়ের করে তার স্থায়ী ও অফিস ঠিকানায় উক্ত অধ্যাদেশ এর ৫(৪) ধারা অনুযায়ী অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, জনাব অভিজিৎ পাল, ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা), মৌলভীবাজার পিটিআই, মৌলভীবাজার-এর বিরুদ্ধে রূজুকৃত বিভাগীয় মামলার জারীকৃত নোটিশ দুটি "প্রাপক বর্তমানে উক্ত ঠিকানায় নাই" মর্মে ফেরত আসে। ফলে নোটিশটি দৈনিক প্রথমআলো ও দৈনিক সমকাল পত্রিকায় প্রকাশ করা হয়;

যেহেতু, পত্রিকায় প্রকাশের পরও জনাব অভিজিৎ পাল কর্তৃক কোন জবাব না পাওয়ায় তাকে চাকরি হতে বরখাস্ত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং নোটিশটি The Daily Star ও দৈনিক সমকাল পত্রিকায় প্রকাশ করা হয়; কিন্তু তিনি এবারও কোন জবাব দাখিল করেননি;

যেহেতু, সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে জনাব অভিজিৎ পাল, ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা), মৌলভীবাজার পিটিআই, মৌলভীবাজার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা অনুযায়ী অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১৯-০৫-২০১৪ হতে সরকারি চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকরি হতে বরখাস্তের (Dismissal from Service) প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক জনাব অভিজিৎ পাল, ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা), মৌলভীবাজার পিটিআই, মৌলভীবাজারকে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

এ আদেশ তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৯-০৫-২০১৪ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## বিআরটিএ সংস্থাপন অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

**নং ৩৫.০০.০০০০.০২০.০২৭.০০৮.১৮-৪৭**—বিআরটিএ'র সহকারী পরিচালক (ইঞ্জিঃ চলতি দায়িত্ব) জনাব মোঃ আব্দুল সেলিম এর বিরুদ্ধে দায়েরকৃত ট্রুথ কমিশন সংক্রান্ত বিভাগীয় মামলা নিষ্পত্তি হওয়ায় এবং তার বিরুদ্ধে আর কোন বিভাগীয় মামলা বর্তমানে চলমান না থাকায় বিআরটিএ'র ১৮-০১-২০১৮ তারিখের বিআরটিএ/৪৩এ/৮৯-২৬২ নম্বর স্মারকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত আদেশ প্রত্যাহারের সুপারিশের প্রেক্ষিতে এ বিভাগের ২৫-১০-২০১১ তারিখের ৩৫.০২০.০২৭.০০.০০.০০৬.২০১১-৫৮৯ সংখ্যাক স্মারক এতদ্বারা নির্দেশক্রমে প্রত্যাহার করা হল।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃতএ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড.মোঃ কামরুল আহসান**
যুগ্মসচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য সেবা বিভাগ
## জনস্বাস্থ্য-২

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০১৮

**নং ৪৫.০০.০০০০.১৬১.০৫৩.০২.১২-৪১**—পুষ্টিসেবার কার্যক্রম পরিবীক্ষণ ও জাতীয় পুষ্টি সেবা শীর্ষক অপারেশনাল প্লান এর সাথে সম্পর্কিত অন্যান্য অপারেশনাল প্ল্যানের সমন্বয়ের জন্য নিম্নরূপভাবে পুষ্টি সেবা বাস্তবায়ন সমন্বয় কমিটি (Nutrition Implementation Coordination committee) গঠন করা হলো :

**(ক) কমিটির গঠন**

চেয়ারম্যান

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

কো-চেয়ারম্যান

২. মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা

সদস্যবৃন্দ

৩. যুগ্মসচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৪. অতিরিক্ত মহা-পরিচালক, (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৫. অতিরিক্ত মহা-পরিচালক (পরিঃ ও উঃ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৬. প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ, মহাখালী, ঢাকা

৭. উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৮. উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৯. পরিচালক (প্রাথমিক স্বাস্থ্য সেবা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১০. পরিচালক, (জনস্বাস্থ্য প্রতিষ্ঠান), মহাখালী, ঢাকা

১১. পরিচালক, নিপসম, মহাখালী, ঢাকা

১২. প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১৩. লাইন ডাইরেক্টর, সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১৪. লাইন ডাইরেক্টর, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১৫. লাইন ডাইরেক্টর, এনসিডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১৬. লাইন ডাইরেক্টর, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১৭. লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১৮. লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডআরএইচ, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা

১৯. লাইন ডাইরেক্টর, আইইএম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা

২০. লাইন ডাইরেক্টর, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা

২১. লাইন ডাইরেক্টর, টিবি-ল্যাপ্রোসি এবং এইডস/ এসটিডি প্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

**সদস্য-সচিব**

২২. পরিচালক, আইপিএইচএন এবং লাইন ডাইরেক্টর, এনএনএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

(খ) কার্যপরিধি :

১. জাতীয় পুষ্টি সেবার অধীন পুষ্টি সেবা কার্যক্রমকে স্বাস্থ্য ব্যবস্থার মূল ধারার যুক্ত করার প্রক্রিয়া তত্ত্বাবধান করা ;

২. জাতীয় পুষ্টি সেবার অধীন পুষ্টি সেবা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নে প্রাসঙ্গিক অংশীদারদের সঙ্গে সহযোগিতা বৃদ্ধি করা;

৩. পুষ্টি সেবা কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;

৪. পুষ্টি সেবা বাস্তবায়নের স্টিয়ারিং কমিটি (Steering committee for Nutrition Implementation, SCNI) এর নিকট নিয়মিত রিপোর্ট/কার্যবিবরণী প্রস্তুত ও উপস্থাপন;

৫. কমিটি বছরে কমপক্ষে চারবার সভায় মিলিত হবেন; এবং

৬. কোন ব্যক্তিকে প্রয়োজনে কমিটিতে কো-অপ্ট করতে পারবেন।

(গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারী করা হলো।

তারিখ: ১৭ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/৩০ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৫.০০.০০০০.১৬১.০০৬.০১.১০-৪৬—বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ (বিএনএনসি) কার্যালয় গ্র্যান্ট-ইন-এইড-এ পরিচালিত একটি প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের নতুন সাংগঠনিক কাঠামো মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশ পুষ্টি পরিষদের ১৩-০৮-২০১৭ তারিখের সভায় নীতিগত অনুমোদন প্রদান করত: যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করে জনবল কাঠামো অতি দ্রুত চূড়ান্ত করতে নির্দেশনা দেওয়া হয়। সে মোতাবেক বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদের জনবলসহ নতুন সাংগঠনিক কাঠামো ০৬-১২-২০১৭ তারিখে পুষ্টি পরিষদের নির্বাহী কমিটির সভায় অনুমোদিত হয়েছে। নির্বাহী কমিটিতে অনুমোদিত কিঞ্চিৎ সংশোধিত সাংগঠনিক কাঠামোতে বর্ণিত পদসমূহের, নাম সংখ্যা ও বেতন স্কেল নিম্নরূপ:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল |
|---|---|
| ১। | মহাপরিচালক-১<br>(অতিরিক্ত সচিব বা যুগ্মসচিব পর্যায়ের)<br>(গ্রেড-২, টা: ৬৬০০০-৭৬৪৯০ বা গ্রেড-৩, টা: ৫৬৫০০-৭৪৪০০) |
| ২। | পরিচালক-৩ (উপসচিব পর্যায়ের)<br>গ্রেড-৪, টা: ৫০০০০-৭১২০০ বা গ্রেড-৫, টা: ৪৩০০০-৬৯৮৫০ |
| ৩। | উপ-পরিচালক-৬<br>(গ্রেড-৬, টা: ৩৫৫০০-৬৭০১০) |
| ৪। | সহকারী পরিচালক-১১<br>গ্রেড-৯, টা: ২২০০০-৫৩০৬০ |
| ৫। | অংকন শিল্পী-১<br>গ্রেড-১০, টা: ১৬০০০-৩৮৬৪০ |
| ৬। | গ্রন্থাগারিক-১<br>(গ্রেড-১১, টা: ১২৫০০-৩০২৩০) |
| ৭। | প্রশাসনিক সহকারী-১<br>(গ্রেড-১১, টা: ১২৫০০-৩০২৩০) |
| ৮। | হিসাব রক্ষক-১<br>(গ্রেড-১১, টা: ১২৫০০-৩০২৩০) |
| ৯। | ব্যক্তিগত সহকারী-৪<br>(গ্রেড-১২, টা: ১১৩০০-২৭৩০০) |
| ১০। | কম্পিউটার অপারেটর-৫<br>(গ্রেড-১৬, টা: ৯৩০০-২২৪৯০) |
| ১১। | গাড়ী চালক-৫<br>(গ্রেড-১৫, টা: ৯৭০০-২৩৪৯০) |
| ১২। | অফিস সহায়ক-৯<br>(গ্রেড-২০, টা: ৮২৫০-২০০১০) |
| ১৩। | ঝাড়ুদার-১<br>(গ্রেড-২০, টা: ৮২৫০-২০০১০) |
| ১৪। | নিরাপত্তা প্রহরী-১<br>(গ্রেড-২০, টা: ৮২৫০-২০০১০) |

২। উল্লেখ্য যে, নতুন সাংগঠনিক কাঠামোতে ৫০টি পদ সৃষ্টি হলেও বিদ্যমান ১৭ (সতের)টি পদ উক্ত ৫০ (পঞ্চাশ) টি পদের সাথে সমন্বয় হবে এবং প্রকৃত পক্ষে নতুন পদ সৃষ্টি হবে ৩৩ (তেত্রিশ) টি। এই সরকারি আদেশ/প্রজ্ঞাপন জারীর সাথে বিদ্যমান সাংগঠনিক কাঠামোসহ পদসমূহ বিলুপ্ত হবে। বিদ্যমান পদে কর্মরত/ পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীগণ পূর্ব চাকুরীর ধারাবাহিকতায় সমপদ/সমবেতন স্কেল, স্ববেতন ও অন্যান্য সুবিধাদিসহ এক ধাপ উচ্চ বা এক ধাপ নিম্ন বেতন স্কেলের পদে আত্মিকৃত হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নুরুল আমিন তালুকদার**
যুগ্মসচিব।

---

[ একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত ]
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং স্বাপকম/স্বাঃসেঃবিঃ/ঔঃপঃ-১/ঔষধ-৪১/২০০৮(অংশ-২)(১১)-১০০**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ০১-১২-১৯৯১ খ্রিঃ তারিখের জনস্বাস্থ্য-১ডি-৬৯/৮৭/২১৯ নং প্রজ্ঞাপন বলে এবং ঔষধ নিয়ন্ত্রণ অধ্যাদেশ ১৯৮৪ এর ৬এ(২) ধারা মোতাবেক গঠিত "ঔষধ আপীল কর্তৃপক্ষ" সরকার কর্তৃক নিম্নরূপভাবে পূর্ণগঠন করা হলো :

**চেয়ারম্যান**

১. মন্ত্রী, মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**কো-চেয়ারম্যান**

২. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৫. মহাপরিচালক, আর্মড ফোর্স মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।

৬. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।

৭. প্রফেসর ডাঃ প্রাণ গোপাল দত্ত, নাক কান গলা বিশেষজ্ঞ।

৮. চেয়ারম্যান, বিভাগীয় প্রধান, ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৯. পরিচালক, শিশু ও মাতৃ স্বাস্থ্য ইন্সটিটিউট, মাতুয়াইল, ঢাকা।

১০. চেয়ারম্যান, Examination কমিটি, বিসিপিএস, মহাখালী, ঢাকা।

১১. বিভাগীয় প্রধান, মেডিসিন বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

**সদস্য-সচিব**

১২. উপসচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) "ঔষধ আপীল কর্তৃপক্ষ" ঔষধ নিয়ন্ত্রণ অধ্যাদেশ ১৯৮৪ এর ৬এ(৩) ধারায় বর্ণিত দায়িত্ব পালন করবে।

(খ) একতৃতীয়াংশ সদস্যর উপস্থিতিতে সভার কোরাম হবে।

(গ) এ বিষয়ে পূর্বে গঠিত "ঔষধ আপীল কর্তৃপক্ষ" বাতিল বলে গণ্য হবে।

(ঘ) কমিটি প্রয়োজনে বিশেষজ্ঞদের সহযোগিতা গ্রহণ/ কো-অপ্ট সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবে।

(ঙ) এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিনা আলম**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৮ ফাল্গুন ১৪২৪/১২ মার্চ ২০১৮

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৩.২০১৫-৪৫**—১৮৭৫ সনের জরিপ আইনের (১৮৭৫ সনের ৫নং আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

| ক্রঃ নং | মৌজার নাম | জে.এল.নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | কাওয়ার চর (বর্ধিতাংশ) | ৫০ | কলাপাড়া | পটুয়াখালী |
| ২ | ভাটির চর | ১০৩ | সোনাগাজী | ফেনী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।